

উপজেলা পরিষদ কার্যালয়
উখিয়া, কক্সবাজার।


উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো. জাহাঙ্গীর আলম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
তারিখ ও সময় : ২৮/১১/২০২২ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা, আন্তরিক অভিনন্দন ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও মূদ্রীকরণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
উখিয়া উপজেলার মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থীদের বাল্যবিবাহ বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচি গ্রহণ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (দায়িত্বপ্রাপ্ত) জানান যে, বাংলাদেশে বিগত বছরগুলোতে নারী ও শিশুর প্রতি সহিংসতা উদ্বেগজনক হারে বাড়ছে। নারী ও শিশুর নিরাপত্তাহীনতার বিষয়টি এখন আমাদের দেশের সার্বিক উন্নয়নের জন্য একটি বড় চ্যালেঞ্জ। উচ্চবিত্ত পরিবার থেকে নিম্নবিত্ত, কোনো অবস্থানেই নিরাপদে নেই নারী ও শিশু। এর ধারাবাহিকতায় উখিয়া উপজেলায় বাল্যবিবাহের হার আশংকাজনক হারে বাড়ছে। এমতাবস্থায় বাল্যবিবাহ রোধকল্পে ছাত্র-ছাত্রীদের সচেতনতা বৃদ্ধি করতে পারলে বাল্যবিবাহের হার শূন্যের কৌঠায় চলে আসবে এবং অদূর ভবিষ্যতে উখিয়া বাল্যবিবাহমুক্ত উপজেলা হিসেবে ঘোষিত হবে।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (দায়িত্বপ্রাপ্ত) এর সাথে উপস্থিত সকলে একমত পোষন করেন এবং বাল্যবিবাহ বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচি গ্রহণের নিমিত্ত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো. জাহাঙ্গীর আলম)
সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, উখিয়া।





অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
২। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া
৩। অফিস নথি।

উপজেলা পরিষদ কার্যালয়
উখিয়া, কক্সবাজার

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা বিষয়ক কমিটির সভার উপস্থিতির হাজিরা

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ

তারিখ : ২৮/১১/২০২১ খ্রি.

নাম	পদবী	প্রতিষ্ঠান ও ঠিকানা	কমিটিতে পদ	স্বাক্ষর
আহাঙ্গারি আনম	ভাইস চেয়ারম্যান	উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার	সভাপতি	
—	চেয়ারম্যান	হলদিয়াপালং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	—
দেহুদ আনম	চেয়ারম্যান	জালিয়াপালং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	
শ্রী: আব্দুল হুসাইন সিদ্দিকী	প্রধান শিক্ষক	উখিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয় উখিয়া, কক্সবাজার	সদস্য	
মোহাম্মদ বদরুল আনম	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় উখিয়া, কক্সবাজার	সদস্যসচিব	 ২৮/১১/২০২১